

পরিবেশ বান্ধব পুরস্কার

বিশ্ব পরিবেশ দিবস উত্থাপনের অঙ্গ হিসেবে ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্যদ এ বছর উল্লেখযোগ্য পরিবেশ বিয়ক কার্যক্রমের নিরিখে নিম্নলিখিত ক্ষেত্রে পরিবেশ বান্ধব পুরস্কার দেওয়ার পরিকল্পনা গ্রহণ করেছে।

● ইকোল্লাব বিদ্যালয় ● স্বেচ্ছাসেবী সংস্থা

এ উপলক্ষে ইকোল্লাব বিদ্যালয় ও স্বেচ্ছাসেবী সংস্থা, যাদের গত তিন বছরের পরিবেশ সংক্রান্ত কাজ করার অভিজ্ঞতা রয়েছে, তাদের কাছ থেকে আবেদন পত্র আহ্বান করা হচ্ছে। আবেদন পত্রের প্রোফর্মা ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্যদের ওয়েব সাইট www.tspcb.tripura.gov.in এ দেয়া আছে। এছাড়াও উক্ত আবেদন পত্রের প্রোফর্মা গোর্খাবস্তীস্থিত ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্যদের প্রধান কার্যালয়, উদয়পুর, আমবাসা ও কুমারঘাটের আঞ্চলিক কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে।

উক্ত আবেদন পত্র পূরণ করে যথাযত তথ্য সহকারে, ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্যদের উল্লেখিত কার্যালয়গুলিতে ব্যক্তিগতভাবে বা ডাকযোগে আগামী ৩১/০৫/২০১৭ ইং তারিখের মধ্যে জমা দেওয়ার জন্য আগ্রহী ইকোল্লাব বিদ্যালয় ও স্বেচ্ছাসেবী সংস্থাদেরকে অনুরোধ করা হচ্ছে।

প্রতিটি বিভাগে নির্বাচিত শ্রেষ্ঠ ইকোল্লাব বিদ্যালয় ও স্বেচ্ছাসেবী সংস্থাকে ৫ই জুন বিশ্ব পরিবেশ দিবস উদযাপন অনুষ্ঠানে পুরস্কার প্রদান করা হবে।

ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্যদ